অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

সরকারী হোচুল এক্সক্লুডেড ওয়ার্কার্স প্রোগ্রাম ফান্ড বাবদ 850 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি প্রদান করার জন্য অনুমোদিত বলে ঘোষণা করেছেন প্রোগ্রামের প্রথম মাসে

ইতিমধ্যেই 250 মিলিয়ন মার্কিন ডলারের সুবিধা প্রদান করা হয়েছে; আরো 600 মিলিয়ন মার্কিন ডলারের চূড়ান্ত যাচাই চলছে যোগ্য হিসেবে সনাক্ত করা আবেদনকারীর যা মাসের শেষের মধ্যে বিতরণ করা হবে

90,000 জন নিউ ইয়র্কবাসী এক্সক্লুডেড ওয়ার্কার্স প্রোগ্রামের জন্য আবেদন করেছেন, যা সেই ব্যক্তিদের ত্রাণ প্রদান করে যারা মহামারী চলাকালীন আয় হারান এবং অন্যান্য সুবিধার জন্য যোগ্য বিবেচিত হননি

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ 850 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অনুমোদন করেছে এক্সক্লুডেড ওয়ার্কার্স প্রোগ্রামের সুবিধা বাবদ প্রোগ্রামটির লাইভ হওয়ার প্রথম মাসে। এই সুবিধাগুলির মধ্যে, 250 মিলিয়ন মার্কিন ডলার ইতিমধ্যেই প্রদান করা হয়েছে, এবং অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলারের যোগ্য হিসাবে চিহ্নিত প্রার্থীদের জন্য চূড়ান্ত যাচাই চলছে, যা মাসের শেষে বিতরণ করা হবে বলে আশা করা হচ্ছে। প্রোগ্রামের আবেদন 1 আগস্ট, 2021 এ 13টি ভিন্ন ভাষায় চালু হয়েছিল এবং এক মাসের মধ্যে নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department Of Labor, NYS DOL) 90,000টিরও বেশি আবেদন পেয়েছিল, যার মধ্যে প্রায় 50,000টি এখন পর্যন্ত অনুমোদিত হয়েছে। তহবিল প্রশাসকরা প্রাথমিকভাবে অনুমান করেছিলেন যে পর্যালোচনা এবং প্রক্রিয়াকরণে ছয় থেকে আট সপ্তাহ সময় লাগবে, কিন্তু বিভিন্ন রাজ্য সংস্থার মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতা পেমেন্টগুলি অনেক আগে বাইরে যেতে দেয়।

" কোভিড-19 (COVID-19) মহামারী এখনও শেষ হয়নি, এবং আমরা যখন পুনর্নির্মাণ এবং পুনরুদ্ধারের জন্য আমাদের কাজ চালিয়ে যাচ্ছি, আমরা জানি যে এখনও বিপন্ন মানুষ আছেন" **গভর্নর হোচুল বলেন।** "এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড হাজার হাজার নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গুরুত্বপূর্ণ জীবনরেখা যারা মহামারীর সব চেয়ে খারাপ মুহূর্তে আমাদের রাজ্যকে সচল রাখার অবিচ্ছেদ্য অংশ ছিলেন, এবং সেই জন্যই আমরা যত তাড়াতাড়ি সম্ভব অর্থ প্রদান করতে

পারি তা নিশ্চিত করার জন্য জোর দিয়েছি। এটি একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ - এই ব্যক্তিদের প্রয়োজনীয় এবং প্রাপ্য আর্থিক ত্রাণ প্রদানের জন্য নির্ধারিত সময়ের আগে অর্থ প্রদান করা হচ্ছে। এই ঐতিহাসিক কর্মসূচিকে বাস্তব করে তোলার জন্য আমি প্রচারক, সম্প্রদায়ের সংগঠন এবং রাজ্য আইনসভাকে সাধুবাদ জানাই এবং আমি সমস্ত যোগ্য নিউ ইয়র্কবাসীকে আবেদন করতে উৎসাহিত করছি।"

"এই শ্রমিকরা এগিয়ে আসেন যখন মহামারী আঘাত হানে এবং নিউ ইয়র্ককে সামনে এগিয়ে নিয়ে যেতে থাকেন," **নিউ ইয়র্ক রাজ্যের কম্পট্রোলার টমাস পি. ডিনাপোলি বলেন।** "আমরা পেমেন্টগুলি দ্রুত পর্যালোচনা এবং প্রক্রিয়া করার জন্য আমাদের কাজ করছি যাতে যোগ্য প্রাপকরা তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে পারেন।"

রাজ্য জুড়ে হাজার হাজার কর্মী যারা মহামারী চলাকালীন আয় হারিয়েছিলেন এবং সরকার কর্তৃক প্রদত্ত কোভিড-19 সুবিধার জন্য যোগ্যতা অর্জন করেননি, তাদের জন্য আর্থিক ত্রাণ আনতে এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড তৈরি করা হয়েছিল, তা এখন চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে রয়েছে।

আবেদনকারীরা অনলাইনে 24/7 আবেদন করতে পারেন, এবং DOL এর 600-ব্যক্তির বহুভাষিক কল সেন্টার সপ্তাহে সাত দিন উপলব্ধ, সকাল 7টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত। এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড (Excluded Workers Fund, EWF) আবেদন প্রক্রিয়াটি একটি EWF ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট সহ অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে যা আবেদনকারীদের পুরো প্রক্রিয়া জুড়ে তাদের আবেদনের স্থিতি প্রদান করতে পারে। আবেদনকারীরা সরাসরি মানুষ প্রতিনিধির সাথে কথা বলতে পারেন অথবা 24 থেকে 48 ঘন্টার মধ্যে কলব্যাক পেতে পারেন। আবেদন এবং একটি প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নের (Frequently Asked Questions, FAQ) নথি 13টি ভিন্ন ভাষায় উপলব্ধ শ্রম বিভাগের EWF পৃষ্ঠায়।

অনুমোদিত আবেদনকারীরা তাদের পরিচয় এবং বাসস্থান যাচাই করার পাশাপাশি তাদের প্রদত্ত কাজের যোগ্যতার স্তরের ডকুমেন্টেশনের উপর ভিত্তি করে দুটি সুবিধার পরিমাণ পান। টিয়ার 1 কোয়ালিফায়ার 15,600 মার্কিন ডলার এবং টিয়ার 2 কোয়ালিফায়ার 3,200 মার্কিন ডলার পায়। আজ অবধি, 10,000 এরও বেশি আবেদনকারী তহবিল গ্রহণের জন্য অনুমোদিত হয়েছে, প্রায় 40,000 আরো চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে রয়েছে। এর মধ্যে, 99 শতাংশ টিয়ার 1 সুবিধাগুলির জন্য যোগ্যতা অর্জন করেছেন। অনুমোদিত আবেদনকারীরা আবেদনে প্রদত্ত ঠিকানায় প্রেরিত প্রিপেইড কার্ডে একটি এককালীন পেমেন্ট পান। কার্ডগুলি নগদ প্রত্যাহার করতে বা ব্যবসায়ীদের থেকে ক্রয় করতে দেয়।

বেকারত্ব বীমার দাবির অনুরূপ, পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা প্রক্রিয়ার অন্তর্নিহিত সুরক্ষা এবং জালিয়াতি সনাক্তকরণ ব্যবস্থা নিশ্চিত করে যে তহবিল যোগ্য আবেদনকারীদের কাছে যায়, স্ক্যামারদের কাছে নয়।

DOL একটি রিয়েল-টাইম ড্যাশবোর্ড উপলব্ধ করার পরিকল্পনা করেছে যা সাম্প্রতিকতম EWF প্রোগ্রামের তথ্য প্রদান করবে।

ডেটা পয়েন্টগুলি:

- আগস্ট 1, 2021 থেকে, 90,000-এরও বেশি নিউ ইয়র্কবাসী আবেদন করেছেন।
- প্রায় 250 মিলিয়ন মার্কিন ডলার ইতিমধ্যে বিতরণ করা হয়েছে।
- অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়ায় রয়েছে
- এখন পর্যন্ত প্রাপ্ত ইংরেজি নয় এমন ভাষায় পাওয়া আবেদনগুলির মধ্যে তিনটি জনপ্রিয় ভাষা ছিল স্প্যানিশ (32%), চীনা (2.97%) এবং কোরিয়ান (1.1%)।
- আরবি, বাংলা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, ইতালীয়, পোলিশ, রাশিয়ান এবং উর্দুতেও আবেদন পাওয়া গেছে।
- অনুমোদিত শ্রমিকদের 54% 30 থেকে 39 বছরের মধ্যে
- অনুমোদিত আবেদন অনুযায়ী শীর্ষ 10টি কাউন্টি হল
    - কুইন্স - 30%
    - কিংস - 17%
    - ব্রঙ্কস - 15%
    - নিউ ইয়র্ক - 7%
    - নাসাউ - 4%
    - ওয়েস্টচেস্টার - 4%
    - সাফোক - 4%
    - রিচমন্ড - 2%
    - এরি - 1%
    - মনরো
- শীর্ষ স্থানীয় 10টি জিপ কোড
    1. 11368 - 4%
    2. 11373 - 3%
    3. 11220 - 3%
    4. 11355 - 3%
    5. 11377 - 2%
    6. 11372 - 2%
    7. 11354 - 1%
    8. 10458 - 1%
    9. 10467 - 1%
    10. 10468 - 1%

NYS শ্রম কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "আমাদের সংস্থা কয়েক সপ্তাহের মধ্যে প্রথমবারের মতো দেশব্যাপী প্রোগ্রামের জন্য 90,000 এরও বেশি আবেদন সম্পূর্ণরূপে প্রক্রিয়া করার পথে রয়েছে। আমি সেই দলের জন্য গর্বিত যারা অক্লান্ত পরিশ্রম করে একটি সম্পূর্ণ নতুন কর্মসূচী গড়ে তুলেছে যা এখন হাজার হাজার নিউ ইয়র্কের পরিবারগুলিকে সাহায্য করছে।"

রাজ্যের সিনেটর জেসিকা রামোস বলেন, "আমাদের রাজ্য জুড়ে কয়েক লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য অবশেষে ত্রাণের ব্যবস্থা করা গেছে, যারা মহামারী চলাকালীন আর্থিক সহায়তা পাননি, কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের জন্য এটি একটি অতি প্রয়োজনীয় বর। আমরা এখনও এই তহবিলকে অন্তর্ভুক্তিমূলক করার জন্য কাজ করছি যারা গত দেড় বছরে আয় হারিয়েছেন তাদের জন্য কিন্তু যখন বাদ যাওয়া শ্রমিকদের বাড়িতে চেক আসতে শুরু করেছে এবং আমরা কৃতজ্ঞ যে তারা তাদের বকেয়া ভাড়া মেটাতে সক্ষম হবেন এবং তাদের বাচ্চাদের স্কুল বছরের জন্য আরও ভালভাবে প্রস্তুত হতে দেবেন।"

বিধানসভার সদস্য কারমেন ডে লা রোজা বলেন, "বাদ যাওয়া শ্রমিকদের জন্য তহবিলটি সেই ব্যথা এবং হতাশার মধ্যে জন্ম নিয়েছে যা আমরা দেখেছি যখন আমাদের সম্প্রদায়গুলি কোভিড-19 মহামারীর প্রকোপের শীর্ষে সরকারি সহায়তা থেকে বাদ পরেছিল। অবশেষে, এই অতি প্রয়োজনীয় ত্রাণ আমাদের রাজ্য জুড়ে পরিবারেগুলির কাছে পৌঁছাতে শুরু করেছে। আমরা গভর্নর হোচুল এবং শ্রম বিভাগের সাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ যাতে প্রবেশাধিকারের বাধা দূর করা যায় এবং নিশ্চিত করা যায় যে যত বেশি সম্ভব পরিবার এই তহবিল থেকে উপকৃত হতে পারেন।

তহবিলের ফান্ড এক্সক্লুডেড ওয়ার্কার্স কোয়ালিশনের বিয়ানকা গুয়েরো বলেন, "কোভিড-19 মহামারীর আঠারো মাস পরে, প্রভাবিত সম্প্রদায়গুলি অবশেষে তাদের জরুরি ত্রাণ পাচ্ছে যা তাদের প্রাপ্য। প্রথম 30 দিনে, 90,000 বাদ যাওয়া কর্মীরা যে আবেদন করেছেন তা এই কর্মসূচির অপরিহার্য প্রয়োজনকে প্রমাণ করে। ফান্ড এক্সক্লুডেড ওয়ার্কার্স কোয়ালিশন, যা নিউ ইয়র্ক রাজ্য জুড়ে 200টি সংগঠনের সমন্বয়ে গঠিত, বাদ যাওয়া শ্রমিক এবং তাদের সম্প্রদায়গুলির সংগঠিত হওয়ায় গর্বিত যা এই মুহূর্তে এসএ পৌঁছনোর কারণ। নিউ ইয়র্ক রাজ্যকে অবশ্যই দেশ জুড়ে অভিবাসী শ্রমিকদের অধিকারের জন্য একটি নতুন নজির স্থাপন করতে হবে। আমরা এই কর্মসূচির বাস্তবায়ন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে থাকব যাতে নিশ্চিত করতে পারি যে সমস্ত যোগ্য নিউ ইয়র্কবাসী এই ত্রাণের জন্য আবেদন করেন।"

নিউ ইমিগ্র্যান্ট কমিউনিটি এমপাওয়ারমেন্ট (New Immigrant Community Empowerment, NICE) এর নির্বাহী পরিচালক ম্যানুয়েল কাস্ত্রো বলেছেন, "গত 18 মাসে, আমরা নিজের চোখে দেখেছি মহামারীটি অভিবাসী সম্প্রদায়ে যে বিধ্বংস নিয়ে এসেছে এবং তাদের এখন যে অভাবনীয় প্রয়োজনের মুখোমুখি এখন হতে হচ্ছে। এই কারণে, গত এক মাসে, NICE শত শত অভিবাসী শ্রমিক এবং তাদের পরিবারকে এক্সক্লুডেড ওয়ার্কারস ফান্ডে আবেদন করতে সহায়তা করার জন্য দৈনিক ক্লিনিকের আয়োজন করে আসছে, এটি এমন একটি প্রোগ্রাম যা কেবল জীবন বাঁচাবে টাই নয়, আমাদের শহরের পুনরুদ্ধারের জন্যও গুরুত্বপূর্ণ হবে। যখন কোভিড-19 আঘাত হানে, অভিবাসী শ্রমিকরা নিউ ইয়র্ক সিটিতে সম্মুখ সারিতে অপরিহার্য কাজ করছিলেন। কিন্তু যখন তারা কাজ হারিয়েছিলেন, তখন তারা যে কোনো ধরনের মহামারী ত্রাণ থেকে বাদ পরেছিলেন। এই তহবিলগুলি সেই সমস্ত পরিশ্রমী ব্যক্তি এবং তাদের পরিবারের জন্য গুরুত্বপূর্ণ ছিল, যারা এক বছরেরও বেশি সময় ধরে অপেক্ষা করেছেন এবং আমাদের সম্প্রদায়গুলির মধ্যে এই ধরনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।"

থম্পকিন্স কাউন্টি ওয়ার্কার্স সেন্টারের নির্বাহী পরিচালক পিট মেয়ার্স বলেন, "এক্সক্লুডেড ওয়ার্কার্স ফান্ড থেকে প্রদান করা অর্থ রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিতে অর্থনৈতিক প্রবৃদ্ধি চালিত করা কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ আর্থিক ত্রাণ প্রদান করছে। নিউ ইয়র্কবাসীরা যারা আমাদের রাজ্যে এত অবদান রেখেছেন, কিন্তু মহামারী চলাকালীন তারা যখন কাজ হারিয়েছে তখন সুবিধা পাননি, তাদের জন্য করা সঠিক কাজ এটাই।

গ্রামীণ ও অভিবাসী মন্ত্রণালয়ের নির্বাহী পরিচালক রিচার্ড উইট বলেন, "আমরা নিউ ইয়র্ক রাজ্য জুড়ে অপরিহার্য কর্মীদের কাছে এই অতি প্রয়োজনীয় সুবিধাগুলি যাচ্ছে দেখে আনন্দিত, যারা তাদের শ্রমের মাধ্যমে আমাদের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। কৃষি শ্রমিকরা আমাদের রাজ্যের পুনরুদ্ধারে মুখ্য ভূমিকা পালন করেছেন বিশেষ করে, এবং আমরা তাদের সাথে মর্যাদাপূর্ণভাবে আচরণ করা এবং তাদের প্রাপ্য ন্যায়সঙ্গত সহায়তা প্রদান করা হবে তা নিশ্চিত করার জন্য প্রচারণা করেছি।"

এপ্রিলে ল্যান্ডমার্ক EWF আইন পাস হওয়ার সাথে সাথেই, DOL ফান্ড এক্সক্লুডেড ওয়ার্কার্স কোয়ালিশন এবং অন্যান্য সরকারী সংস্থার প্রতিনিধিদের সাথে ঘনিষ্ঠভাবে অংশীদারিত্ব শুরু করে যারা অভিবাসী জনসংখ্যাকে পরিষেবা প্রদান করে যাতে নিশ্চিত করা যায় যে এই কর্মসূচীটি অনন্যভাবে উপযোগী হবে যাদের তারা উপকৃত করতে চায় তাদের জন্য। প্রভাবিত সম্প্রদায়ের সাথে সব চেয়ে ঘনিষ্ঠভাবে কাজ করে এমন অনেক সংস্থার সংস্থানের সীমাবদ্ধতার সম্মুখীন হয়, DOL রাজ্য জুড়ে 75টি অলাভজনক সম্প্রদায়-ভিত্তিক সংস্থাকে (community-based organizations, CBO) 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করে সরাসরি আবেদন সহায়তা, শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান করার জন্য। এই সম্প্রদায়ের অংশীদাররা প্রোগ্রামের সকল বিষয়গুলির উপর প্রধান ইনপুট প্রদান করেন, যার মধ্যে রয়েছে বিধিনিয়ম তৈরি করা যা আবেদনকারী যোগ্যতা প্রতিষ্ঠা করতে যে নথিগুলি জমা দিতে পারেন তার সংখ্যা উল্লেখযোগ্যভাবে প্রসারিত করে এবং তার সাথে আবেদনটিও।

আবেদনকারীদের সহায়তা করার জন্য প্রস্তুত অনুমোদিত CBO-এর একটি বিস্তৃত তালিকা এখানে উপলব্ধ dol.ny.gov/cbolist। অংশীদার COB-এর আউটরিচ ছাড়াও, NYS DOL EWF এর জন্য একটি প্রচারমূলক ক্যাম্পেইন শুরু করেছে যার মধ্যে ইংরেজি, স্প্যানিশ এবং চীনা ভাষায় সোশ্যাল মিডিয়া, TV, রেডিও, সংবাদপত্র, সাবওয়ে এবং বাসে দেওয়া বিজ্ঞাপন আছে।

এখন সুবিধাগুলি অনুমোদিত আবেদনকারীদের মধ্যে বিতরণ করা হচ্ছে প্রথমে আসা, প্রথমে পরিষেবা পাওয়ার ভিত্তিতে, তাই নিউ ইয়র্কবাসীদের যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করতে উত্সাহ জানানো হচ্ছে এখানে dol.ny.gov/ewf।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন